

## বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের আবেদনের নিয়মাবলিঃ

বিদ্যুৎ বিধিমালা, ২০২০ এর বিধি ৫৮(৪) মোতাবেক বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের এবং ট্রান্সফরমার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তৈল পরীক্ষার জন্য নিম্ন লিখিত শর্তে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের লিখিত অনুমোদন গ্রহন করতে হবে।

### শর্তাবলিঃ

১। বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের স্বপক্ষে (ক) বৈধ ট্রেড লাইসেন্স (খ) টিআইএন (গ) ভ্যাট/ বিআইএন (ঘ) বিনিয়োগ বোর্ড/ বিডা এর অনুমোদন (ঙ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি (আরজেএসসি) এর সার্টিফিকেট অব ইনকর্পোরেশন (চ) বিএসটিআই/ বুয়েট/ কুয়েট/ চুয়েট/ বুয়েট/ এমআইএসটি/ সিপিআরআই অথবা যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত টেস্ট রিপোর্ট থাকতে হবে।

২। বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের কারখানায় নিম্নোক্ত উপকরণ ও টেস্টিং সুবিধা থাকতেঃ

- (i) (a) HT Winding Machine (b) LT Winding Machine (c) Press board cutting Machine (d) Sheet Cutting Machine (e) Sheet Bending Machine (f) Ball Press Machine (g) Welding Machine (h) Core Cutting Machine (i) Heat Chamber (j) Hydraulic Trolley (k) Powder coating plant/Hand spray paint Compressor Machine (l) Transformer Oil Centrifuge Machine (m) Transformer Oil Testing Set (n) Insulation Tester (o) Earth Tester (p) Loss Measurement Testing Set (q) Power Frequency High Voltage Testing Set
- (ii) 'i' এ বর্ণিত উপকরণ সমূহ সঠিকভাবে স্থাপন ও পরিচালনার জন্য পর্যাপ্ত জায়গা থাকতে হবে।
- (iii) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটধারী বৈদ্যুতিক সুপারভাইজার/ অভিজ্ঞ প্রকৌশলী ও কারিগরি পারমিট প্রাপ্ত ইলেক্ট্রিশিয়ান থাকতে হবে।

৩। নিম্নবর্ণিত তথ্যাবলী অনলাইন ([ims.ocei.gov.bd](http://ims.ocei.gov.bd)) আবেদনের সাথে সংযুক্ত করতে হবেঃ

- (i) বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের স্বপক্ষে (ক) বৈধ ট্রেড লাইসেন্স (খ) টিআইএন (গ) ভ্যাট/ বিআইএন (ঘ) বিনিয়োগ বোর্ড/ বিডা এর অনুমোদন (ঙ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি (আরজেএসসি) এর সার্টিফিকেট অব ইনকর্পোরেশন (চ) বিএসটিআই/ বুয়েট/ কুয়েট/ চুয়েট/ বুয়েট/ এমআইএসটি/ সিপিআরআই অথবা যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত টেস্ট রিপোর্ট সংযুক্ত করতে হবে।
- (ii) চালানের মূল কপি।

৪। বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠান পরিদর্শন ফি বাবদ ১৯,৫৯০ টাকা এবং তৈল পরীক্ষাকারী প্রতিষ্ঠান পরিদর্শন ফি বাবদ ৯,৯৩০ টাকা বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে চালানের মাধ্যমে ১-৫৬৩১-০০০০-২০১৭ কোডে অথবা অটোমেটেড চালান সিস্টেমে প্রতিষ্ঠানের নতুন কোড ১৫৬০২০১১৩২৪৮৪ এর টেস্টিং ফি ১৪২২৩২৯ কোডে জমা প্রদান করতে হবে।

৫। অসমাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

৬। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন ফর্মে মিথ্যা তথ্য প্রদান করেন তবে তাঁর/ তাঁদের আবেদন বাতিল করা হবে এবং প্রয়োজনে তাঁর/ তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।